দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 1 APR 2004
পৃষ্ঠা ... কলাম ...

শেখ বোরহানুদ্দীন কলেজ

# গবর্নিং বডির চেয়ারম্যান ও যুগ্ম সচিবের প্রতি হাইকোর্টের রুল ইস্যু

কোর্ট রিপোর্টার ॥ আদালতের আদেশ সত্ত্বেও অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ও অবসরপ্রাপ্ত জাহানারা বেগমকে দায়িত্ব পালন করতে না দেয়ায় শেখ বোরহানুদ্দীন কলেজ গবর্নিং বডির চেয়ারম্যান ও মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্ম সচিবের প্রতি হাইকোর্ট রুল ইস্যু করেছে।

সোমবার বিচারপতি এমএ আজিজ ও বিচারপতি নজরুল ইসলাম চৌধুরী সমন্বয়ে গঠিত হাইকোর্ট ডিভিশন বেঞ্চ এই আদেশ প্রদান করে। আদালতের নিষেধাজ্ঞা ও স্থিতাবস্থার আদেশ সত্ত্বেও শেখ বোরহানুদ্দীন কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদকে সাময়িক বরখাস্ত ও কলেজের পরিচালনা পরিষদের সদস্য অবসরপ্রাপ্ত অধ্যক্ষ জাহানারা বেগমকে দায়িত্ব পালন করতে দেয়া হয়নি।